

শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তিতে আরো সময় লাগবে : প্রধানমন্ত্রী

যাযায়দিন রিপোর্ট

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করতে কিছু নিয়মনীতি মানতে হবে। এজন্য আরো সময় লাগবে।

বুধবার নির্ধারিত প্রোগ্রামের পরে জাতীয় পার্টির হাফিজ উদ্দিন আহমদের এক সম্পূর্ণ প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, আন্দোলনের নামে বিরোধী দলের সঙ্গে যোগাযোগ রাখবেন আর সব কিছু হয়ে যাবে এটা ঠিক না। আমাদের কাছে দাবি করার দরকার নেই। মন্ত্রণালয় তো আর সব কাজ বন্ধ করে শুধু বেতন বাড়াবে না। সব শিক্ষাপ্রতিষ্ঠান জাতীয়করণ করতে ৪০ হাজার কোটি টাকা লাগবে। তবে কি আমরা সব উন্নয়ন কাজ

বন্ধ করে বেতনভাতা দিয়ে যাব? সেটা জে মতব না। সব উন্নয়ন কাজ বন্ধ করে বেতন বাড়ানো যাবে না। আর বাড়লে বেতন বাড়ানো হবে।

শেখ হাসিনা বলেন, 'কেউ যদি ইচ্ছামতো স্থল করে বলবে এখনই এমপিওভুক্তি করতে হবে, জাতীয়করণ করতে হবে, এটা কি সম্ভব? নীতিমালা মেনে চলতে হবে।'

পিনু খানের প্রশ্নের জবাবে সংসদ নেতা বলেন, সোনাদিয়ায় পুড়ী সমুদ্র বন্দর নির্মাণে অর্বাধিকের ব্যাপারে কার্যক্রম চলমান রয়েছে। আর্থিক সংস্থান নিশ্চিত হলে এ সমুদ্র বন্দরের নির্মাণকাজ শুরু হবে।

একই প্রশ্নের জবাবে শেখ হাসিনা আরো বলেন, পটুয়াখালীর রাকনাবাদে দেশের তৃতীয় সমুদ্রবন্দর নির্মাণ প্রকল্পের সচিবাতা প্রধানমন্ত্রী : পৃষ্ঠা ১৫ কলাম ১

প্রধানমন্ত্রী : এমপিওভুক্তিতে

(শেখ পৃষ্ঠার পর)

ফটাইতে পরামর্শক নিয়োগের কার্যক্রম চলছে।
 নূর আমরোর জাতীয় প্রশ্নের জবাবে শেখ হাসিনা বলেন, মালয়েশিয়া সরকারের মতো বিশ্বের অন্যান্য কর্মী গ্রহণকারী দেশের সরকার সরকারিভাবে (জি টি জি) প্রতিদায় কর্মী গ্রহণের আশ্রয় প্রকাশ করলে সেসব দেশে একই প্রক্রিয়ায় জনশক্তি পাঠানোর পদক্ষেপ নেয়া হবে।

মুক্তিযুদ্ধ হক ফুরুর প্রশ্নের জবাবে শেখ হাসিনা বলেন, অতীতের যেসব আইন ইংরেজি ভাষায় আছে তা বাংলায় রূপান্তরের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাংলা ভাষা কনভারশন কোষ নামে একটি অণুবিভাগ কাজ করেছে। এইমধ্যে এ অণুবিভাগ জন প্রশাসন মন্ত্রণালয় সর্ভসিই ৯৩টি আইন বাংলাভাষায় রূপান্তর করেছে।

ছিন্নমূল শিশুদের পাশে দাঁড়ানোর আহ্বান

এনিকে ছিন্নমূল শিশুদের উন্নয়নে সরকারের পান্থাপনি সমাজের বিত্তবানদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

প্যান্টনীতে বুধবার দুপুরে এসওএস শিশুপল্লী বাংলাদেশ-এর চার দশক পূর্তি উদযাপন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

প্রধানমন্ত্রী বলেন, অবহেলিত শিশুদের উন্নয়নে সমাজের বিত্তবানদের এগিয়ে আসার জন্য আমি আহ্বান জানাচ্ছি। আমরা আমাদের বর্তমান ভবিষ্যৎ প্রজন্মের জন্য উৎসর্গ করছি। যাত্রা ভবিষ্যতে আমাদের নেতৃত্ব দেবে।

স্নেহবঞ্চিত, জগ্যাহত শিশুদের পারিবারিক পরিবেশে লাসন-পালনে এসওএস আওতাধীন শিশুপল্লীর কার্যক্রমের প্রশংসা করে এই কার্যক্রম দেশের সর্বত্র ছড়িয়ে দেয়ারও আহ্বান জানান তিনি।

বাংলাদেশের সুবিধাবঞ্চিত শিশুদের জন্য স্বরম্যান মেইনারের মতো যে সব বিবেচনি নাগরিক এগিয়ে এসেছেন তাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন শেখ হাসিনা।

এসওএস শিশুপল্লীর প্রতিষ্ঠাতা প্রয়াত অধ্যাপক ড. স্বরম্যান মেইনার বাংলাদেশসহ বিশ্বের ১৩৩টি দেশে এসওএস আওতাধীন শিশুপল্লীর কার্যক্রম বিস্তৃত করেন।

শিশুদের ভবিষ্যৎ নেতৃত্ব হিসেবে আখ্যায়িত করে শেখ হাসিনা বলেন, 'আমরা শিশুদের জন্য একটি সুন্দর ভবিষ্যৎ সৃষ্টিতে নিরলসভাবে কাজ করছি।'

আমাদের সরকার শিশু অধিকার ও উন্নয়নকে জাতীয় উন্নয়নের মূল ধারায় সম্পৃক্ত করেছে, বলেন প্রধানমন্ত্রী।

শেখ হাসিনার জানান, দরিদ্র শিশুদের পুনর্বাসন ও বিকাশ ক্ষেত্রে সামাজিক নিরাপত্তা বেষ্টনী সম্প্রসারিত করা হয়েছে।

সরকারি এ উদ্যোগকে সুসংহত করতে বেসরকারি সংস্থাকলার সহযোগিতার ওপর গুরুত্বরোপ করে প্রধানমন্ত্রী বলেন, শিশুরা যাতে পারিবারিক পরিবেশে বেড়ে উঠতে পারে সে জন্য দরিদ্র পরিবারকে সামাজিক নিরাপত্তা বদয়ে অন্তর্ভুক্ত করা হচ্ছে।